নিয়োগ বিজ্ঞপ্তি

সোসাইটি ফর সোসাল সার্ভিস (এসএসএস) বাংলাদেশের জাতীয় পর্যায়ের একটি বেসরকারী উন্নয়ন সংস্থা। সংস্থাটি দেশের ঢাকা, সিলেট, ময়মনসিংহ, চট্টগ্রাম, রাজশাহী ও রংপুর বিভাগের মোট ৩০টি জেলায় ৬ লক্ষ পরিবারের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে কর্মসূচি বাস্তবায়ন করছে সংস্থার ঋণ কর্মসূচিতে পেশা গঠনে আগ্রহী প্রার্থীদের নিকট হতে নিম্নোক্ত পদে নিয়োগের জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

১। **শাখা ব্যবস্থাপক** ঃ পদ সংখ্যা ৫০টি। যোগ্যতা ঃ মাষ্টার্স পাশ এবং সংশ্লিষ্ট পদে ন্যূনতম ৩ (তিন) বছরের অভিজ্ঞতা ও ন্যূনতম ২.৫ কোটি টাকা ঋণ স্থিতি পরিচালনায় দক্ষতা থাকতে হবে। বেতন ঃ শিক্ষানবিশকালে মাসিক বেতন সর্বসাকুল্যে ২১,৮৭৬/-(প্রভিডেন্ড ফান্ড, মোবাইল বিল এবং লাঞ্চ ভাতা অন্তর্ভুক্ত) টাকা এবং নিয়মিতকরণের পর মোট বেতন হবে ২৭,৫৬২/-(প্রভিডেন্ড ফান্ড, অর্জিত ছুটি, মোবাইল বিল, ক্রেডিট ভাতা এবং লাঞ্চ ভাতা অন্তর্ভুক্ত) টাকা।

২। **সহকারী শাখা ব্যবস্থাপক** ঃ পদ সংখ্যা ৫০টি। **শিক্ষাগত যোগ্যতা** ঃ মাষ্টার্স পাশ। **বেতন** ঃ প্রশিক্ষণকালে (৪ মাস) মাসিক বেতন সর্বসাকুল্যে ১০,০০০/-(দশ হাজার) টাকা, শিক্ষানবিশকালে (৬ মাস) মাসিক বেতন সর্বসাকুল্যে ১৮,৪৫০/-(প্রভিডেন্ড ফান্ড, মোবাইল বিল, বাই সাইকেল রক্ষণাবেক্ষন খরচ এবং লাঞ্চ ভাতা অন্তর্ভুক্ত) টাকা এবং নিয়মিতকরণের পর মোট বেতন হবে ২৩,১৯৮/-(প্রভিডেন্ড ফান্ড, অর্জিত ছুটি, মোবাইল বিল, বাই সাইকেল রক্ষণাবেক্ষন খরচ, ক্রেডিট ভাতা এবং লাঞ্চ ভাতা অন্তর্ভুক্ত) টাকা।

৩। **সিনিয়র মাঠ সংগঠক** ঃ পদ সংখ্যা ৫০০টি। **শিক্ষাগত যোগ্যতা** ঃ ন্যূনতম স্নাতক পাশ। **বেতন** ঃ প্রশিক্ষণকালে (২ মাস) মাসিক বেতন ৮,০০০/-(আট হাজার) টাকা, শিক্ষানবিশকালে (৬ মাস) ১৫,৪৭৪/-(প্রভিডেন্ড ফান্ড, মোবাইল বিল, বাই সাইকেল রক্ষণাবেক্ষন খরচ এবং লাঞ্চ ভাতা অন্তর্ভুক্ত) টাকা এবং নিয়মিতকরণের পর মোট বেতন হবে ১৯,৩৮৫/-(প্রভিডেন্ড ফান্ড, অর্জিত ছুটি, মোবাইল বিল, বাই সাইকেল রক্ষণাবেক্ষন খরচ, ক্রেডিট ভাতা এবং লাঞ্চ ভাতা অন্তর্ভুক্ত) টাকা।

৪। **প্রধান শিক্ষক** (প্লে গ্রুপ থেকে ১০ম শ্রেণী পর্যন্ত বিদ্যালয়ের জন্য) ঃ পদ সংখ্যা ০১টি **শিক্ষাগত যোগ্যতা** ঃ ন্যূনতম মাষ্টার্স পাশ। **বেতন** ঃ আলোচনা সাপেক্ষে। প্রার্থীদের কোন স্বনামধন্য শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ/প্রধান শিক্ষক (ন্যূনতম মাধ্যমিক বিদ্যালয়) হিসেবে ১০ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। এমএড/বিএড পাশ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

শর্তাবলী ঃ

১. আগামী ২৮/০২/২০১৭ তারিখ পর্যন্ত ১ নং পদের জন্য সর্বোচ্চ ৩৫ বছর, ২ ও ৩ নং পদের জন্য সর্বোচ্চ ৩২ বছর এবং ৪ নং পদের জন্য সর্বোনিম্ন ৪৫ বছর বয়সের প্রার্থীরা আবেদন করতে পারবেন

২. ১ নং পদের প্রার্থীদের যোগদানের পর ন্যূনতম ৬ মাস শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। ২ নং পদের প্রার্থীগণ যোগদানের পর ৪ মাস প্রশিক্ষণকাল এবং ন্যূনতম ৬ মাস শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। ৩ নং পদের প্রার্থীগণ যোগদানের পর ২ মাস প্রশিক্ষণকাল এবং ন্যূনতম ৬ মাস শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশকাল সন্তোষজনক বিবেচিত হলে চাকুরি নিয়মিতকরণ করা হবে

৩. ১, ২ ও ৩ নং পদের নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণ সংস্থার চাকুরিবিধি অনুযায়ী কন্ট্রিবিউটরি প্রভিডেন্ড ফান্ড, এসএসএসএফ, গ্রাচ্যুয়িটি, প্রতিবছর ৩০ দিন সংস্থার নিকট বিক্রয়যোগ্য অর্জিত ছুটি, ২টি উৎসব বোনাস, ২টি পারফরমেন্স বোনাস, লোড অ্যালাউন্স, প্রণোদনা ভাতা, বার্ষিক ইনক্রিমেন্ট, প্রযোজ্য টি.এ/ডি.এ, লাঞ্চ ভাতা, ক্রেডিট ভাতা, সুদমুক্ত মোটরসাইকেল ঋণ ও বাইসাইকেল ঋণ, রক্ষণাবেক্ষণ ব্যয়, কর্মী ঋণ, মোবাইল বিলসহ আনুষঙ্গিক সুবিধাদি প্রাপ্য হবেন।

৪. ১ নং পদের প্রার্থীদের অবশ্যই মোটর সাইকেল চালাতে পারদর্শী হতে হবে। ২ ও ৩ নং পদের প্রার্থীদের বাই সাইকেল চালানো বাধ্যতামূলক। ১, ২ ও ৩ নং পদের ক্ষেত্রে চট্টগ্রাম ও সিলেট বিভাগের প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

৫. ১, ২ ও ৩ নং পদের নিয়োগকৃত পুরুষ প্রার্থীগণ সংস্থার অফিস ক্যাম্পাসে বিনামূল্যে একক আবাসন সুবিধা এবং মহিলা প্রার্থীগণ শিক্ষানবিশকাল হতে বাহিরে থাকার জন্য অতিরিক্ত বাড়ী ভাড়া ভাতা পাবেন।

৬. ১ নং পদে পিকেএসএফ এর সহযোগী প্রতিষ্ঠানে কাজ করার অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে

৭. ১, ২ ও ৪ নং পদের প্রার্থীদের কম্পিউটার পরিচালনার মৌলিক জ্ঞান আবশ্যক। ৩ নং পদের জন্য কম্পিউটার জ্ঞান সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

৮. পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত, শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের কপি, জাতীয় পরিচয়পত্রের কপি, সম্প্রতি তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি এবং ১ নং পদের প্রার্থীদের ২০০/- টাকা (অফেরতযোগ্য) এবং ২ ও ৩ নং পদের প্রার্থীদের ১০০/- টাকা (অফেরতযোগ্য) **"সোসাইটি ফর সোসাল সার্ভিস** -এর অনুকূলে সোনালী ব্যাংক লিঃ, ময়মনসিংহ রোড শাখা, টাঙ্গাইল, সঞ্চয়ী হিসাব নম্বর **৬০১৫২৩৪০০২০৪৫"** তে অনলাইন জমা/টিটি করে জমার স্লিপ আবেদন পত্রের সাথে সংযুক্ত করে আবেদন করতে হবে

৯. **পরীক্ষার কেন্দ্র** ঃ ১, ২ ও ৪ নং পদের প্রার্থীদের এসএসএস **প্রধান কার্যালয় টাঙ্গাইল**-এ পরীক্ষা অনুষ্ঠিত হবে ৩ নং পদের প্রার্থীদের পরীক্ষার কেন্দ্র হবে **টাঙ্গাইল, কুমিল্লা ও চট্টগ্রাম**। ৩ নং পদের প্রার্থীদের আবেদন পত্রে এবং খামের উপর পরীক্ষার কেন্দ্র উল্লেখ করতে হবে।

১০. **পরিচালক, মানবসম্পদ বিভাগ, সোসাইটি ফর সোসাল সার্ভিস** (এসএসএস) বরাবর আবেদন করতে হবে আবেদনপত্র সরাসরি অথবা ডাকযোগে জমা দেওয়া যাবে আবেদনপত্র প্রেরণের ঠিকানা ঃ **পরিচালক, মানবসম্পদ বিভাগ, এসএসএস, প্রধান কার্যালয়, এসএসএস ভবন, ময়মনসিংহ রোড, পোস্ট বক্স নং-১০, টাঙ্গাইল-১৯০০।**

১১. আবেদনপত্র গ্রহণের সময়সীমা ঃ **আগামী ২৮/০২/২০১৭** তারিখ।

১২. নির্বাচনী পরীক্ষার জন্য প্রার্থীদেরকে মোবাইলের মাধ্যমে ডাকা হবে। সুতরাং, আবেদন পত্রে অবশ্যই সক্রিয় মোবাইল ফোন নম্বর দিতে হবে।

১৩. সকল পদে সুঠাম দেহী, সৎ চরিত্রবান, কঠোর পরিশ্রমী, সাহসী, চ্যালেঞ্জ গ্রহণে আগ্রহী ও জেলার শহর, উপ-শহর অথবা প্রত্যন্ত অঞ্চলে কাজ করার মানসিকতা থাকতে হবে। তবে ৪ নং পদের কর্মস্থল হবে টাঙ্গাইল পৌরসভায় অবস্থিত "এসএসএস পৌর আইডিয়াল উচ্চ বিদ্যালয়।"

১৪. কেবলমাত্র বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হবে।

১৫. পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না

১৬. যে কোন প্রকার জাল সনদ বহনকারী, প্রার্থী হিসেবে অযোগ্য বলে বিবেচিত হবেন।

পরিচালক
মানবসম্পদ বিভাগ।

সোসাইটি ফর সোসাল সার্ভিস (এসএসএস)
www.sss-bangladesh.org

Visit commontarget.net regularly to get latest Education News